

মেমো নং-১০৯৫/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০১৮-১৯/৩৪

তারিখঃ ২১/১১/২০১৮

নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট- B) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে সাক্ষাৎকার শেষে চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের বিভাগের আসন অনুযায়ী তালিকা প্রকাশ করা হল। নির্বাচিত ছাত্র/ছাত্রীদের ২৫/১১/২০১৮ তারিখ হতে ০৪/১২/২০১৮ তারিখের মধ্যে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করার পর দুই কপি প্রিন্ট করে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান (প্যানেল) তালিকা থেকে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের নাম ০৪/১২/২০১৮ তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ক্লাশ শুরু : ২১ জানুয়ারী ২০১৯

নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নোলিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

১. ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী অনলাইনে পাওয়া যাবে।

২. ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপরে নাম, রোল নং, মোবাইল নং, জমাকৃত ডকুমেন্ট সমূহের নাম লিখে) ডীন অফিসে জমা দিতে হবে।

- ক) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড
খ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)

উল্লেখ্য, এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড ১ বছর জমা রাখা হবে।
ডকুমেন্টসমূহ জমা দেয়ার পূর্বে নিজের ভবিষ্যৎ প্রয়োজনে একাধিক ফটোকপি সত্যায়িত করে রাখতে হবে।

শর্তাবলীঃ

ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

খ) প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা অনুষদের থাকবে।



(প্রফেসর ড. এম. হুমায়ুন কবীর)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট- B

বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি-২০১৮-১৯

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।